রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মার্চ ২৯, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ মার্চ ২০১৫ খ্রিস্টাব্দ/১০ চৈত্র ১৪২১ বঙ্গাব্দ

**এস, আর, ও নং ৬৪-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা বাংলাদেশ নৌবাহিনী বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "কমিটি" অর্থ বাংলাদেশ নৌবাহিনীর বেসামরিক পদে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও পদোন্নতির জন্য সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকার বা নৌবাহিনী কর্তৃক গঠিত কমিটি;

(২) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(৪) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৬) "বিভাগীয় পরীক্ষা" অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভাগীয় পরীক্ষা;

(৭) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;



**মূল্য ঃ** টাকা ৩০.০০

(৮) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(৯) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "বোর্ড" বা "ইনস্টিটিউট" বা "প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী পালন সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয় ।

(৩) সরাসরি বা প্রেষণে বদলীর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে পুলিশ বা গোয়েন্দা সংস্থার মাধ্যমে নিয়োগ প্রার্থীর পূর্ব কার্যকলাপ তদন্তপূর্বক নিয়োগ প্রাপ্তির উপযুক্ততা নিশ্চিত করিতে হইবে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, বা বাংলাদেশের ডমিসাইল না হন; বা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে নৌবাহিনী কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগলাভের যোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম পূরণপূর্বক নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত থাকিলে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট কমিটি বা নৌবাহিনী সদর দপ্তর কর্তৃক গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণি হইতে ২য় শ্রেণি এবং ২য় শ্রেণি হইতে ১ম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

৬। **শিক্ষানবিসি**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য ;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন, যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান**।—(১) তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি নিয়োগ এবং পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ হইলে উক্ত ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটায় যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) (Non-Gazetted) Civilian Fire Brigade Service (Recruitment) Rules, 1960 (No. 11/60), Rules for the recruitment and Administration of Non-Gazetted Civilian Personnel (including Workmen) of the Bangladesh Navy, 1961 (F.O. 49/61) এবং Recruitment Rules for Civilian Gazetted Posts Class I and Class II in the Bangladesh Navy, 1971 (The Gazette of Pakistan No. 1299/71) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত Rules এর অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং চলমান কার্যক্রম এমনভাবে অব্যাহত থাকিবে যেন উক্ত Rules রহিত হয় নাই।

## তফসিল

**[বিধি ২(২) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | নিয়োগ যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | এনএসও, (সিএসও-১) | - | পদোন্নতির মাধ্যমে | ডিএনএসও পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (২) | এনএএসও, (সিএসও-১) | - | পদোন্নতির মাধ্যমে | ডিএএসও পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৩) | ওআইসি, ডকইয়ার্ড ল্যাবরেটরী, (সিএসও-১) | - | পদোন্নতির মাধ্যমে | সিনিয়র সাইন্টিফিক অফিসার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৪) | ডিএনএসও, (সিএসও-২) | - | পদোন্নতির মাধ্যমে | এএনএসও পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৫) | ডিএএসও, (সিএসও-২) | - | পদোন্নতির মাধ্যমে | এএএসও পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৬) | সিনিয়র সাইন্টিফিক অফিসার, (সিএসও-২) | - | পদোন্নতির মাধ্যমে | জুনিয়র সাইন্টিফিক অফিসার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৭) | কস্ট একাউন্টস অফিসার, (সিএসও-২) | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| (৮) | সিনিয়র ইন্সট্রাক্টর, (সিএসও-২) | - | পদোন্নতির মাধ্যমে | ইন্সট্রাক্টর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৯) | এ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সিভ), (সিএসও-২) | - | পদোন্নতির মাধ্যমে | পার্সোনেল অফিসার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১০) | এ্যাসিস্ট্যান্ট সিস্টেম এনালিস্ট, (সিএসও-২) | "The Computer Personnel (Government Organization) Recruitment Rules, 1985" অনুযায়ী। | | |
| (১১) | প্রোগ্রামার, (সিএসও-২) | "The Computer Personnel (Government Organization) Recruitment Rules, 1985" অনুযায়ী। | | |
| (১২) | লাইব্রেরী অফিসার (সিএসও-৩) | ৩০ বৎসর | (ক) ৭৫% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী লাইব্রেরী অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (১৩) | ম্যানেজার প্রেস, (সিএসও-৩) | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্রিন্টিং টেকনোলজিতে ডিপ্লোমাসহ স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্রেস ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| (১৪) | পরিসংখ্যান অফিসার, (সিএসও-৩) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>পরিসংখ্যান ইনভেস্টিগেটর পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (১৫) | পার্সোনেল অফিসার, (সিএসও-৩) | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সুপারিনটেনডেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৬) | ইন্সট্রাক্টর, (সিএসও-৩) | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** ডেমনস্ট্রেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা ড্রাফটসম্যান গ্রেড-১ পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা বা ফলিত পদার্থবিদ্যা বা গণিত বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাসকোত্তর বা সমমানের ডিগ্রী বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (১৭) | এএনএসও, (সিএসও-৩) | ৩০ বৎসর | (ক) ৬৬% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৩৪% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** সুপারিনটেনডেন্ট বা ফোরম্যান অব স্টোরস বা সহকারী ফোরম্যান অব স্টোরস পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (১৮) | এএএসও (সিএসও-৩) | ৩০ বৎসর | (ক) ৬৬% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৩৪% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** সুপারিনটেনডেন্ট বা ফোরম্যান (ল্যাবরেটরী) বা ফোরম্যান (পিএন্ডটি) বা সহকারী ফোরম্যান (ল্যাবরেটরী) বা সহকারী ফোরম্যান (পিএন্ডটি) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নবিদ্যা বা ফলিত রসায়নবিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৯) | জুনিয়র সাইন্টিফিক অফিসার, (সিএসও-৩) | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সিনিয়র সাইন্টিফিক এ্যাসিস্ট্যান্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা বা রসায়নবিদ্যা বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী বা মেটালার্জি বা কেমিক্যাল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রী। |
| (২০) | পেস্ট কন্ট্রোল অফিসার, (সিএসও-৩) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উদ্ভিদবিদ্যা বা প্রাণিবিদ্যা বা কৃষিবিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী। |
| (২১) | সহকারী লাইব্রেরী অফিসার | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>লাইব্রেরীয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী বিজ্ঞানে ডিপ্লোমা;<br>(খ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (২২) | সিনিয়র সাইন্টিফিক এ্যাসিস্ট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে | (ক) জুনিয়র সাইন্টিফিক এ্যাসিস্ট্যান্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (২৩) | ডেমনস্ট্রেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (২৪) | সুপারিনটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে | (ক) জুনিয়র সুপারিনটেনডেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (২৫) | ফোরম্যান অব স্টোরস | - | পদোন্নতির মাধ্যমে | স্টোর হাউজম্যান বা স্টোর হাউজ সহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| (২৬) | ফোরম্যান (ল্যাবরেটরী) | - | পদোন্নতির মাধ্যমে | ল্যাবরেটরীম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (২৭) | ফোরম্যান (পিএন্ডটি) | - | পদোন্নতির মাধ্যমে | এক্সামিনার বা লিডিংম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (২৮) | সহকারী ফোরম্যান অব স্টোরস | - | পদোন্নতির মাধ্যমে | স্টোর হাউজম্যান বা স্টোর হাউজ সহকারী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| (২৯) | সহকারী ফোরম্যান (ল্যাবরেটরী) | - | পদোন্নতির মাধ্যমে | ল্যাবরেটরীম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৩০) | সহকারী ফোরম্যান (পিএন্ডটি) | - | পদোন্নতির মাধ্যমে | (ক) এক্সামিনার বা লিডিংম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (৩১) | ধর্মীয় শিক্ষক | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের ফাজিল ডিগ্রী। |
| (৩২) | ড্রাফটসম্যান (গ্রেড-১) | - | পদোন্নতির মাধ্যমে | ড্রাফটসম্যান (গ্রেড-২) পদে অন্যূন ২ (দুই) বৎসরের চাকুরি। |
| (৩৩) | পরিসংখ্যান ইনভেস্টিগেটর | - | পদোন্নতির মাধ্যমে | পরিসংখ্যান সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৩৪) | ক্যামেরাম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগের যে কোন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্রিন্টিং টেকনোলজিতে ট্রেড কোর্সে সার্টিফিকেটধারী;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৩৫) | অফসেট অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগের যে কোন বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্রিন্টিং টেকনোলজিতে ট্রেড কোর্সে সার্টিফিকেটধারী;<br>(খ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৩৬) | আর্টিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাইন আর্টস এ স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) গ্রাফিক্স ডিজাইন বিষয়ে অভিজ্ঞতা। |
| (৩৭) | জুনিয়র ফায়ার অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | সাব অফিসার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৩৮) | কস্ট একাউনটেন্ট | ৩৩ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>এ্যাসিস্ট্যান্ট কস্ট একাউনটেন্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগের যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) একাউন্টিং কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৩৯) | মেশিনম্যান | - | পদোন্নতির মাধ্যমে | এ্যাসিস্ট্যান্ট মেশিনম্যান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৪০) | জুনিয়র সুপারিনটেনডেন্ট | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৪১) | পিএ | - | পদোন্নতির মাধ্যমে | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৪২) | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (৪৩) | একাউনটেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগের যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪৪) | জুনিয়র সাইন্টিফিক এ্যাসিস্ট্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা বা রসায়নবিদ্যায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৪৫) | লাইব্রেরীয়ান | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>লাইব্রেরী এসিস্ট্যান্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী বিজ্ঞানে ডিপ্লোমা। |
| (৪৬) | এসিস্ট্যান্ট কস্ট একাউনটেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগের যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৪৭) | ল্যাবরেটরীম্যান | - | পদোন্নতির মাধ্যমে | (ক) ল্যাবরেটরী এসিস্ট্যান্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (৪৮) | এক্সামিনার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সহকারী এক্সামিনার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (৪৯) | পরিসংখ্যান সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৫০) | টেলিফোন সুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে | টেলিফোন অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৫১) | এমটি সুপারভাইজার | - | পদোন্নতির মাধ্যমে | (ক) এমটিডি পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫২) | জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বিষয়সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>**অথবা**<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বিষয়সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৫৩) | জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও ইলেকট্রিক্যাল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে রেডিও ইলেকট্রিক্যাল বিষয়সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>**অথবা**<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে রেডিও ইলেকট্রিক্যাল বিষয়সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে রেডিও ইলেকট্রিক্যাল বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>**অথবা**<br>(গ) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে রেডিও ইলেকট্রিক্যাল বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫৪) | জুনিয়র ইন্সট্রাক্টর (কম্পিউটার অপারেশন) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে কম্পিউটার অপারেটিং সিস্টেম এবং এ্যাপ্লিকেশনস সফটওয়্যার বিষয়সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>**অথবা**<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে কম্পিউটার অপারেটিং সিস্টেম এবং এ্যাপ্লিকেশনস সফটওয়্যার বিষয়সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেটিং সিস্টেম এবং এ্যাপ্লিকেশনস সফটওয়্যার বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>**অথবা**<br>(গ) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার অপারেটিং সিস্টেম এবং এ্যাপ্লিকেশনস সফটওয়্যার বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৫৫) | জুনিয়র ইন্সট্রাক্টর (কম্পিউটার মেইনটেন্যান্স) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে কম্পিউটার মেইনটেন্যান্স (হার্ডওয়্যার) বিষয়সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>**অথবা** |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন স্বীকৃত বোর্ড হইতে কম্পিউটার মেইনটেন্যান্স (হার্ডওয়্যার) বিষয়সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; <br> **অথবা** <br> (গ) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মেইনটেন্যান্স (হার্ডওয়্যার) বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৫৬) | জুনিয়র ইন্সট্রাক্টর (মেরিন ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল) (বিভিন্ন মেরিন ইঞ্জিনসমূহ, গ্যাস টারবাইন, টিম টারবাইন ইত্যাদি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; <br> **অথবা** <br> (খ) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেরিন ইঞ্জিনিয়ারিং বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ (বিভিন্ন মেরিন ইঞ্জিনসমূহ, গ্যাস টারবাইন, টিম টারবাইন ইত্যাদি সম্পর্কে প্রশিক্ষণপ্রাপ্ত); <br> (গ) বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি হইতে ট্রেড কোর্স সম্পন্নকারীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫৭) | জুনিয়র ইন্সট্রাক্টর (মেরিন ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল) (জাহাজের সকল সাহায্যকারী যন্ত্রসমূহ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>**অথবা**<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেরিন ইঞ্জিনিয়ারিং শাখায় ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স (জাহাজের সকল সাহায্যকারী যন্ত্রসমূহ সম্পর্কে প্রশিক্ষণ প্রাপ্ত) উত্তীর্ণ;<br>(গ) বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি হইতে ট্রেড কোর্স সম্পন্নকারীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৫৮) | জুনিয়র ইন্সট্রাক্টর (মেশিনিস্ট) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মেকানিক্যাল বিষয়সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>**অথবা**<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মেকানিক্যাল বিষয়সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>**অথবা**<br>(গ) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেশিনিস্ট বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৫৯) | জুনিয়র ইন্সট্রাক্টর (ওয়েল্ডিং) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ওয়েল্ডিং বিষয়সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>**অথবা**<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে ওয়েল্ডিং বিষয়সহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ওয়েল্ডিং বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>**অথবা**<br>(গ) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ওয়েল্ডিং বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৬০) | জুনিয়র ইন্সট্রাক্টর (ড্রইং) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল ড্রাফটসম্যানশীপ শাখায় ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ;<br>(গ) বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি হইতে শীপবিল্ডিং ও মেকানিক্যাল ড্রাফটসম্যানশীপ কোর্স উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৬১) | জুনিয়র ইন্সট্রাক্টর (পদার্থবিদ্যা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;এবং<br>(খ) কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে বিভিন্ন টেস্ট ইকুইপমেন্টের উপর ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ;<br>(গ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| (৬২) | ড্রাফটসম্যান (গ্রেড-২) | ৩০ বৎসর | (ক) ৩৪% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬৬% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) ট্রেসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি;এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যানশীপ (মেকানিক্যাল অথবা শীপ বিল্ডিং অথবা অটোক্যাড) এ ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ। |
| (৬৩) | লিডিংম্যান | - | পদোন্নতির মাধ্যমে | (ক) সহকারী লিডিংম্যান বা হাইলী স্কীল্ড মিস্ত্রী পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| (৬৪) | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) ৬৬% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৩৪% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৬৫) | স্টোর হাউজম্যান | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** স্টোরম্যান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৬৬) | স্টোর হাউজ সহকারী | ৩০ বৎসর | (ক) ৬৬% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৩৪% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** স্টোরম্যান পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৬৭) | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers & Steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম- অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |
| (৬৮) | ল্যাবরেটরী এ্যাসিস্ট্যান্ট | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** ল্যাবরেটরী এটেনডেন্ট পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে রসায়নবিদ্যাসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৬৯) | সহকারী এক্সামিনার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নবিদ্যা, পদার্থবিদ্যা বা গণিত বিষয়সহ বিজ্ঞান বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৭০) | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগের যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| (৭১) | সিনিয়র টাইম কিপার | - | পদোন্নতির মাধ্যমে | জুনিয়র টাইম কিপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৭২) | লাইব্রেরী এ্যাসিস্ট্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী বিজ্ঞানে ডিপ্লোমা। |
| (৭৩) | রিসেপশনিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে সেক্রেটারিয়াল কোর্স উত্তীর্ণ। |
| (৭৪) | সাব অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | লিডিং ফায়ারম্যান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৭৫) | এ্যাসিস্ট্যান্ট মেশিনম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে প্রিন্টিং টেকনোলজিতে সার্টিফিকেটধারী। |
| (৭৬) | সহকারী লিডিংম্যান | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) হাইলী স্কীল্ড (গ্রেড-১) পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা<br>(গ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৭৭) | হাইলী স্কীল্ড মিস্ত্রী | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) হাইলী স্কীল্ড (গ্রেড-১) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা<br>(গ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৭৮) | নার্স | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত নার্সিং কলেজ বা ইন্সটিটিউট হইতে অন্যূন ৩(তিন) বৎসরের নার্সিং এ ডিপ্লোমা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৭৯) | হাইলী স্কীল্ড (গ্রেড-১) | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) হাইলী স্কীল্ড (গ্রেড-২) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>অথবা<br>(গ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৮০) | এমটিডি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী; এবং<br>(গ) ভারী যানবাহন চালনায় ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৮১) | ইঞ্জিন ড্রাইভার (ক্লাস-১) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ইঞ্জিন ড্রাইভার (ক্লাস-২) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী জলযান চালনার লাইসেন্সধারী; এবং<br>(গ) ভারী যানবাহন চালনায় ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৮২) | ক্রেন ড্রাইভার (ক্লাস-১) | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ক্রেন ড্রাইভার (ক্লাস-২) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী; এবং<br>(গ) ভারী যানবাহন চালনায় ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৮৩) | ফর্ক লিফট ড্রাইভার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী; এবং<br>(গ) ভারী যানবাহন চালনায় ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৮৪) | লিডিং ফায়ারম্যান | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ফায়ারম্যান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরিসহ ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী হইতে হইবে; এবং<br>(গ) ভারী যানবাহন চালনায় ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৮৫) | ফায়ার ইঞ্জিন ড্রাইভার | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ফায়ারম্যান পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরিসহ ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী যানবাহন চালনার লাইসেন্সধারী; এবং<br>(গ) ভারী যানবাহন চালনায় ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (৮৬) | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | The Stenographers & Steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৮৭) | স্টোরম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৮৮) | জুনিয়র টাইম কিপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৮৯) | টেলিফোন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৯০) | মোয়াজ্জিন | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৯১) | ডার্করুম টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৯২) | কম্পোজিটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৯৩) | প্রুফ রীডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৯৪) | কপি হোল্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৯৫) | সারেং | - | পদোন্নতির মাধ্যমে | লস্কর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (৯৬) | সুকানি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৯৭) | ইঞ্জিন ড্রাইভার (ক্লাস-২) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী জলযান চালানোর লাইসেন্সধারী; এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৯৮) | ক্রেন ড্রাইভার (ক্লাস-২) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ক্রেন ড্রাইভিং এ লাইসেন্সধারী; এবং<br>(গ) ভারী যানবাহন চালনায় ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৯৯) | মিডওয়াইফ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃতি ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ধাত্রীবিদ্যায় সনদপ্রাপ্ত; এবং<br>(গ) সাধারণ নার্সিং পেশায় চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১০০) | হাইলী স্কীল্ড ( গ্রেড-২) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) স্কীল্ড গ্রেড পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ৬ (ছয়) মাসের বাস্তব অভিজ্ঞতা।<br>**অথবা**<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **অথবা**<br>(গ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ৬ (ছয়) মাসের বাস্তব অভিজ্ঞতা। |
| (১০১) | ল্যাবরেটরী এটেনডেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১০২) | বাইন্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বুক বাইন্ডিং এর কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১০৩) | ট্রেসার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড বা ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ট্রেড কোর্স উত্তীর্ণ। |
| (১০৪) | স্কীল্ড গ্রেড | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) সেমি স্কীল্ড (গ্রেড-১) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ট্রেড কোর্স উত্তীর্ণ।<br>**অথবা**<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১০৫) | টেন্ডল অব লেবার | - | পদোন্নতির মাধ্যমে | দক্ষ শ্রমিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| (১০৬) | ফটোকপি অপারেটর | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক (গ্রেড-১) বা জমাদার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (১০৭) | সেমি স্কীল্ড (গ্রেড-১) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) সেমি স্কীল্ড (গ্রেড-২) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃতি ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে ট্রেড কোর্স সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>**অথবা**<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| (১০৮) | সেমি স্কীল্ড (গ্রেড-২) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেড কোর্স উত্তীর্ণ।<br>**অথবা**<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১০৯) | রেকর্ড সর্টার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক (গ্রেড-১) বা জমাদার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (১১০) | অফিস সহায়ক (গ্রেড-১) | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক (গ্রেড-২) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১১১) | জমাদার | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক (গ্রেড-২) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (১১২) | আয়া | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১১৩) | তন্দুরচী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১১৪) | এমটি ক্লিনার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১১৫) | ফায়ারম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(গ) শারীরিক যোগ্যতা (অন্যূন) ঃ উচ্চতা ৫´-৪´´ , ওজন ১১০ পাউন্ড, বুকের মাপ ৩০´´-৩২´´ হইতে হইবে। |
| (১১৬) | হেড গার্ডেনার | - | পদোন্নতির মাধ্যমে | গার্ডেনার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (১১৭) | দক্ষ শ্রমিক | - | পদোন্নতির মাধ্যমে | অদক্ষ শ্রমিক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (১১৮) | হেড খাকরব | - | পদোন্নতির মাধ্যমে | খাকরব পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি। |
| (১১৯) | অফিস সহায়ক (গ্রেড-২) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১২০) | লস্কর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১২১) | বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১২২) | মহিলা বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১২৩) | ওয়ার্ডবয় | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (১২৪) | ফিল্ড হেলথ ওয়ার্কার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১২৫) | গার্ডেনার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১২৬) | অদক্ষ শ্রমিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১২৭) | ডার্করুম সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১২৮) | মেশিনম্যান সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১২৯) | অফসেট সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১৩০) | খাকরব | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১৩১) | নিরাপত্তা প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১৩২) | কবলার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৩৩) | মেস ওয়েটার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১৩৪) | ওয়াসারম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (১৩৫) | বারবার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী হাবিবুল আউয়াল**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd